

বর্ডার গার্ড বাংলাদেশ
প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা : ০১ সেপ্টেম্বর ২০১৯

বিজিবির অভিযানে আগস্ট-২০১৯ মাসে ৪৬ কোটি ১৩ লক্ষাধিক টাকার চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত আগস্ট-২০১৯ মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ৪৬ কোটি ১৩ লক্ষ ৬৩ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য জব্দ করতে সক্ষম হয়েছে। জব্দকৃত মাদকের মধ্যে রয়েছে ২,৬৮,০৭৪ পিস ইয়াবা ট্যাবলেট, ৩২,৬২৪ বোতল ফেনসিডিল, ৬,০১২ বোতল বিদেশী মদ, ৩৩৫ ক্যান বিয়ার, ৪২৬ কেজি গাঁজা, ২ কেজি ৫৬০ গ্রাম হেরোইন, ৩,৭৯১টি এ্যানেগ্রা/সেনেগ্রা ট্যাবলেট, ২,০৯৯টি ইনজেকশন এবং ৭,৩৫,৬১৭টি অন্যান্য ট্যাবলেট। জব্দকৃত অন্যান্য চোরাচালান দ্রব্যের মধ্যে রয়েছে ৪ কেজি ২৯৬ গ্রাম স্বর্ণ, ৯,৬৭৮টি ইমিটেশন গহনা, ৭০,৬৪৪টি কসমেটিক্স সামগ্রী, ২,৫৬৩টি শাড়ি, ৬৯৪টি খ্রীপিস/শার্টপিস, ৩,২৬১টি তৈরী পোশাক, ৭,৪৫২ ঘনফুট কার্ঠ ও ৫,১১০ লম্বাফুট কার্ঠ, ৩,৮৯০ কেজি চা পাতা, ৮টি ট্রাক, ৪টি পিকআপ, ৮টি প্রাইভেটকার, ৯টি সিএনজি চালিত অটোরিকশা, ৩৬টি মোটর সাইকেল এবং ১১৯টি গাড়ীর যন্ত্রাংশ। উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ১টি পিস্তল, ৭টি বন্দুক, ২টি দেশীয় তৈরী পাইপ গান, ১টি ম্যাগাজিন, ১৬ রাউন্ড গুলি এবং ৬টি হাত বোমা। এছাড়াও সীমান্তে বিজিবির অভিযানে মাদক পাচারসহ অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ২২৩ জন এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ৭১ জন বাংলাদেশী নাগরিক এবং ৩ জন নাইজেরিয়ান নাগরিককে আটক করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।